



অনলাইন ক্লাস ও একাডেমিক কার্যক্রম পরিচালনা কমিটি শেৰেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় শেৰেবাংলা নগর, ঢাকা-১২০৭

স্মারকনং : শেকৃবি/অনলাইনশিক্ষা/২০২০/০১

তারিখ: ১৮-০৭-২০২০ খ্রি:

১০-০৫-২০২০ তারিখের ইউজিসি/পাবঃবিশ্ব/বিবিধ/৫২৯(অংশ-১)/২০১৬/২২১৯ এবং ০৯-০৬-২০২০ তারিখে ইউজিসি/পাবঃবিশ্ব/বিবিধ/৫২৯(অংশ-১)/২০১৬/২২১৯ সংখ্যক পত্রদ্বয় এর নির্দেশনা বাস্তবায়ন তথা নভেল করোনা ভাইরাস (কভিড-১৯) এর ফলে সৃষ্ট সংকটের কারণে গত ১৮-০৩-২০২০ তারিখ হতে দেশের অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের মত সরকারি নির্দেশনার আলোকে শেৰেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় বন্ধ থাকায় শিক্ষার্থীদের শিক্ষা জীবনের যে ক্ষতি হয়েছে বা হচ্ছে তা পূরণের লক্ষ্যে অনলাইন ক্লাস গ্রহণসহ সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম পরিচালনার নিমিত্ত করণীয় বিষয়ে সুপারিশ প্রতিবেদন দাখিলের জন্য শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/১(১৫৩)/২০২০-৩২৯ তারিখ: ০৫-০৭-২০২০ খ্রি: স্মারকমূলে যে কমিটি গঠিত হয় তার একটি সভা গত ১২-০৭-২০২০ ইং তারিখে অনুষ্ঠিত হয়। সভায় কমিটির আহ্বায়ক প্রফেসর ড. মোঃ সেকেন্দার আলী, প্রো-ভাইস-চ্যান্সেলর, শেকৃবি এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা:

ক্রমিক নং	নাম ও পদবী	কমিটিতে অবস্থান	সাক্ষর
১।	অধ্যাপক ড. মোঃ সেকেন্দার আলী, প্রো-ভাইস- চ্যান্সেলর, শেকৃবি	আহ্বায়ক	সাক্ষরিত
২।	অধ্যাপক ড. মোঃ আনোয়ারুল হক বেগ, ট্রেজারার, শেকৃবি এবং ডীন, এনিমেল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ, শেকৃবি	সদস্য	সাক্ষরিত
৩।	অধ্যাপক ড. মোঃ ফজলুল করিম, ডীন, কৃষি অনুষদ, শেকৃবি	সদস্য	সাক্ষরিত
৪।	অধ্যাপক ড. মোঃ মিজানুর রহমান সরকার, ডীন, এগ্রি বিজনেস ম্যানেজমেন্ট অনুষদ, শেকৃবি	সদস্য	সাক্ষরিত
৫।	অধ্যাপক ড. মোহাম্মদ আলী, পরিচালক, ইন্সটিটিউট অব সীড টেকনোলজি, শেকৃবি	সদস্য	সাক্ষরিত
৬।	অধ্যাপক ড. জুলফিকার আহমেদ রেজা, পরিচালক (অর্থ ও হিসাব), শেকৃবি	সদস্য	সাক্ষরিত
৭।	অধ্যাপক ড. মীর্জা হাছানুজ্জামান, পরিচালক (আইসিসি), শেকৃবি	সদস্য	সাক্ষরিত
৮।	অধ্যাপক ড. কাজী আহসান হাবীব, ডীন, ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স অনুষদ, শেকৃবি	সদস্য সচিব	সাক্ষরিত

সভার সিদ্ধান্তবলী:

- ১। এক সপ্তাহের মধ্যে অনলাইন ক্লাস শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ ব্যাপারে অনুষদীয় ডীন ও চেয়ারম্যানগণ ব্যবস্থা গ্রহণ করবেন।
- ২। এক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষক ও বিভাগীয় চেয়ারম্যান ক্লাস রিপ্রেজেন্টেটিভের মাধ্যমে ছাত্রদের সাথে যোগাযোগ করবেন। এজন্য প্রয়োজনে সামাজিক যোগাযোগ মাধ্যমের সহযোগিতা নেয়া যেতে পারে।
- ৩। প্রতি অনুষদ ক্লাস রুটিন তৈরি করে অনলাইন ক্লাস পরিচালনা করবে।

- ৪। বিডিৱেন কর্তৃক বিশ্ববিদ্যালয়গুলোকে প্রদত্ত জুম অনলাইন প্লাটফর্ম এর মধ্যমে মূলতঃ এই অনলাইন ক্লাস পরিচালনা করা হবে। সাথে অন্যান্য কিছু ফ্রি অনলাইন প্লাটফর্ম ব্যবহার করা হবে।
- ৫। আগস্ট মাসের (2020) মধ্যে অনার্স, এমএস ও পিএইডি পর্যায়ের চলমান সেমিস্টারের সকল থিওরি ক্লাসসহ প্র্যাকটিকেল ক্লাসের যে অংশ অনলাইন ক্লাসের মাধ্যমে শেষ করা সম্ভব সেগুলো শেষ করা হবে।
- ৬। যে সকল ফাইনাল পরীক্ষার রেজাল্ট প্রকাশ করা বাকি আছে, সেগুলো খুব দ্রুত প্রকাশ করার ব্যবস্থা করা হবে।
- ৭। যে সকল বিভাগের মাস্টার্সের শুধু মাত্র থিসিস ডিফেন্স বাকি আছে, সেগুলো জুম প্লাটফর্ম ব্যবহার করে থিসিস প্রেজেন্টেশান ও ডিফেন্সের এর ব্যবস্থা করা হবে। এ ব্যাপারে বিভাগের চেয়ারম্যান ও ডীন, পোস্ট গ্র্যাজুয়েট ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৮। নির্বিঘ্নে অনলাইন একাডেমিক কার্যক্রম পরিচালনার জন্য বিশ্ববিদ্যালয়ের ভৌত ও অবকাঠামোগত সুবিধাদি, এবং ছাত্র ও শিক্ষকদের এসংক্রান্ত অন্যান্য সুবিধা যেমন- ইন্টারনেট ডাটা কেনা, ডিভাইসের ব্যবস্থা করা ইত্যাদি বিষয়ে একটি বাজেট প্রণয়ন করে দ্রুত ব্যবস্থা নেয়ার জন্য ইউজিসি এর নিকট প্রস্তাবনা পাঠানো হবে।
- ৯। শিক্ষকদের অনলাইন ক্লাস সংক্রান্ত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কয়েকটি ফ্রি অনলাইন প্লাটফর্ম যেমন- জুম ও গুগল ক্লাস রুম ব্যবহারের উপর অনলাইন ট্রেনিং ও ডেমোন্সট্রেশন অনুষ্ঠিত হবে। অধ্যাপক ড. মীর্জা হাছানুজ্জামান, পরিচালক (আইসিসি), শেকুবি এই ট্রেনিং প্রোগ্রাম পরিচালনা করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে আহ্বায়ক সভার সমাপ্তি ঘোষণা করেন।

(সাক্ষরিত)

.....
অধ্যাপক ড. মোঃ সেকেন্দার আলী
আহ্বায়ক
অনলাইন ক্লাস ও একাডেমিক কার্যক্রম পরিচালনা
কমিটি
শেকুবি, ঢাকা

.....
অধ্যাপক ড. কাজী আহসান হাবীব
সদস্য সচিব
অনলাইন ক্লাস ও একাডেমিক কার্যক্রম পরিচালনা
কমিটি
শেকুবি, ঢাকা